ছাদের জন্য
লোহার কড়ি
বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য পত্র লিখুন।
নিরঞ্জন এণ্ড কোং লিঃ
ম্যানেজিং ডিরেক্টার :—শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়,
২নং দর্মাহাটা ষ্ট্রীট, কলিকাতা।

Reg. No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**
জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।
জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। শ্রীবিনয় কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩০শ বর্ষ } রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১লা আষাঢ় বুধবার ১৩৫০ ইংরাজী 16th June 1943 { ৪র্থ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা।

## গৃহ-রক্ষা

গৃহরক্ষার জন্যই জীবন-বীমা। গৃহ জাতীয় জীবনের প্রকৃষ্টতম প্রয়োজন, পৃথিবীর আশা-ভরসার স্থল। গৃহকে বাঁচাইয়া রাখিবার কাজে যাহার সার্থকতা আছে, তাহার প্রভাবও অপরিসীম। যিনি পরিবার প্রতিপালন করেন, তিনিই ত' সংসারের প্রধান আশ্রয়। তাঁহারি চারিদিকে গৃহ নীড় রচিত হয়। তাঁহার অভাবে গৃহ-সংসার বিধ্বস্ত ও বিক্ষিপ্ত হইয়া পড়ে—পারিবারিক বন্ধনও শিথিল হইয়া আসে। কিন্তু সেই প্রতিপালকের স্থানে জীবন-বীমা সংসার প্রতিপালনের গুরুভার গ্রহণ করে। সংসার ধ্বংসের হাত হইতে রক্ষা পায়—জাতীয় জীবনের শক্তি অব্যাহত থাকে।

আপনার প্রয়োজন অনুযায়ী সম্পূর্ণ নির্ভরযোগ্য বীমাপত্র দিতে পারে

আর্থিক পরিচয়

| | | |
|---|---|---|
| নূতন বীমা (১৯৪১) | ... ... | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ... ... | ১৮ কোটি ৯৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ... ... | ৪ " ২৩ " " " |
| মোট সম্পত্তি | ... ... | ৪ " ৬৩ " " " |
| দাবী-শোধ (১৯০৭-৪১) | ... ... | ২ " ৫০ " " " |
| প্রিমিয়াম আয় | ... ... | প্রায় ১ কোটি টাকা |

হিন্দুস্থান কো-অপারেটিভ্ ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হেড অফিস
হিন্দুস্থান বিল্ডিংস্,
কলিকাতা

ব্রাঞ্চ
বোম্বাই, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, নাগপুর, পাটনা ও ঢাকা।

এজেন্সী—ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১লা আষাঢ় বুধবার, সন ১৩৫০ সাল

## শোক সংবাদ

গত ২৫শে জ্যৈষ্ঠ মঙ্গলবার পূর্ব্বাহ্নে জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রবীণ শিক্ষক গোবর্দ্ধন ভট্টাচার্য্য মহাশয় সপ্ততি বর্ষাধিক বয়সে ইহধাম পরিত্যাগ করিয়া সাধনোচিত ধামে গমন করিয়াছেন। গোবর্দ্ধন বাবুর পৈতৃক বাস মালদহ জেলার শিবগঞ্জে। তিনি জঙ্গিপুর বিদ্যালয়েই শিক্ষাপ্রাপ্ত হইয়াছিলেন। জঙ্গিপুর স্কুলের তৎকালীন স্বনামধন্য প্রধান শিক্ষক স্বর্গীয় ভোলানাথ সরকার মহাশয়ের প্রিয় ছাত্রগণের অন্যতম ছাত্র ছিলেন গোবর্দ্ধন বাবু। তাঁহার শিক্ষাপদ্ধতিতে তাঁহার শিক্ষক ভোলানাথ বাবুর শিক্ষাপ্রণালীই পরিলক্ষিত হইত। স্বল্পমেধাবী বালকগণের অভিভাবকগণ গোবর্দ্ধন বাবুকে গৃহশিক্ষক নিযুক্ত করিয়া তাহাদের শিক্ষার সুফল সম্বন্ধে নিশ্চিন্ত থাকিতেন। তিনি নিজে নিজে হোমিওপ্যাথিক চিকিৎসা গ্রন্থাদি পাঠে উক্ত চিকিৎসায় অভিনব অভিজ্ঞতা লাভ করিয়াছিলেন। বিজ্ঞ চিকিৎসকগণ তাঁহার চিকিৎসার প্রশংসা না করিয়া পারিতেন না। এই স্বল্প বেতনের গরীব ব্রাহ্মণের নিত্য অভাবের সংসারে কোন নিঃসম্পর্কীয় অতিথিকেও অভুক্ত অবস্থায় কেহ ফিরিতে দেখেন নাই। তাঁহার সাধ্বী সহধর্ম্মিণী ইতিপূর্ব্বেই স্বর্গগতা হইয়াছেন। মৃত্যুকালে তিনি চারিটী পুত্র ও কয়েকটী পৌত্র রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার আত্মার অক্ষয় স্বর্গ কামনা করিয়া শোকসন্তপ্ত স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

---

## রমণীর শোচনীয় মৃত্যু

মুরারিপুকুর রোডের একটি গৃহে পারুলবালা দাসী (২৪) নামে জনৈকা বিবাহিতা রমণী তাঁহার শিশু সন্তানের জন্য দুধ জ্বাল দিবার সময় হঠাৎ তাঁহার শাড়ীতে আগুন ধরিয়া যায় এবং ফলে তিনি ভীষণভাবে অগ্নিদগ্ধ হন। তাঁহাকে হাসপাতালে স্থানান্তরিত করা হয়, কিন্তু তথায় তাঁহার মৃত্যু হয়।

---

# নীলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত

## নীলামের দিন ১৯শে জুলাই ১৯৪৩

### ১৯৪৩ সালের ডিক্রীজারী

৩৩৫ থাং ডিঃ শ্যামাচরণ গঙ্গোপাধ্যায় দিং দেং ঝড়ু সেথ দিং দাবি ৩৩৷৶৬ থানা সমসেরগঞ্জ মৌজে জালাদিপুর ৪৩ শতকের কাত ৫৶৩ আঃ ১০৲ থং ১২৮

১৯৮ থাং ডিঃ শ্রীমতী রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং সেথ গউস মহম্মদ দিং দাবি ২২৸৶৩ থানা সমসেরগঞ্জ মৌজে বেওয়া ৪-৭৯ শতকের কাত ৭৷৩ আঃ ১৫৲ থং ৪৭৭

৩৫৭ থাং ডিঃ ঐ দেং আবুল হায়াত খাঁ চৌধুরী দিং দাবি ১১৩৫৸৵৯ মৌজাদি ঐ ১৯৪-৬২ শতকের কাত ২৯২৸৬ আঃ ৭৭৫৲ থং ১২৮২

৩৫৮ থাং ডিঃ ঐ দেং স্বর্ণ বেওয়া দাবি ১০৬৵৩ থানা সাগরদীঘি মৌজে দিয়াড় বালাগাছি ৩-১২ শতকের কাত ৮৷৵১০ আঃ ৭৫৲ থং ৫১

৩৫৯ থাং ডিঃ ঐ দেং কার্ত্তিক মণ্ডল দিং দাবি ১৬৷৴৯ মৌজাদি ঐ ১৮ শতকের কাত ৷৵১০ আঃ ১০৲ থং ৫০

৩৬০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৬৴৯ মৌজাদি ঐ ৬৭ শতকের কাত ২৷৵০ আঃ ২৫৲ থং ৪২

৩৬১ থাং ডিঃ ঐ দেং কার্ত্তিক মণ্ডল নাবালক পক্ষে অলি পিতামহী কুসুমকুমারী মণ্ডলানী দাবি ৩২৷৴০ মৌজাদি ঐ ৯২ শতকের কাত ২।০ আঃ ২০৲ থং ৪৭

৩৬২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৬৷৴৩ মৌজাদি ঐ ২-৫০ শতকের কাত ৫৷৴৪ আঃ ৪৫৲ থং ৪৬

৩৬৩ থাং ডিঃ ঐ দেং যদুনাথ মণ্ডল দাবি ৫২।৵৩ মৌজাদি ঐ ২-৪২ শতকের কাত ৭৸৵১০ আঃ ৪০৲ থং ৭৭

৩৬৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৬৸৶৬ মৌজাদি ঐ ৬৮ শতকের কাত ৩৷১৫ আঃ ১৫৲ থং ৭৮

৩৬৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৷৶৩ মৌজাদি ঐ ৬১ শতকের কাত ২।০ আঃ ১৫৲ থং ৩

৩৬৪ থাং ডিঃ ঐ দেং নিরোদা মণ্ডলানী দিং দাবি ১০১।০ মৌজাদি ঐ ২-৪১ শতকের কাত ১২৴৬ আঃ ৫০৲ থং ৯ অধিনস্থ থং ২৯৯

৩৯৩ থাং ডিঃ ঐ দেং লুটু মণ্ডল দিং নাবালক পক্ষে অলি জলদা বেওয়া দাবি ২৩৸৵৬ মৌজাদি ঐ ৬৯ শতকের কাত ৩।৴০ আঃ ১৫৲ থং ১৯৭

৩৯৪ থাং ডিঃ ঐ দেং গোপাল ...ল নাবা... অলি মাতা গুধি বেওয়া দাবি ৪৬৷৶৩ মৌজাদি ... শতকের কাত ৭৷৶১০ আঃ ২৫৲ থং ৫৩

৩৫১ থাং ডিঃ জগদিন্দ্রনাথ চৌধুরী দেং আক... দিং দাবি ১৯৷৵৬ থানা সাগরদীঘি মৌজে বড়গ... শতকের কাত ৭৲ আঃ ১০৲ থং ৫৩৭

৩৫২ থাং ডিঃ ঐ দেং পশুপতি সাহা দিং দা... থানা ঐ মৌজে খারিওর ১-৬৫ শতকের কা... আঃ ৮৲ থং ৪২৫

২৪৪ থাং ডিঃ পঙ্কজকুমার দাস দিং দেং অ... দাবি ৪৩৴৯ থানা সাগরদীঘি মৌজে চাঁদপাড়া ৪... কাত ৯৲ আঃ ১০৲ থং ১১৩ রায়ত স্থিতিবান

৩৮১ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দে... মাঝি দাবি ৪১৸৵৩ থানা ঐ মৌজে কোমড... শতকের কাত ৪৸৫ আঃ ১৫৲ থং ১২০

৩৮২ থাং ডিঃ ঐ দেং বর্ষা মাঝি দাবি ১৭।৬... ঐ ৪৩ শতকের কাত ১৷৵০ আঃ ১০৲ থং ১১৭

৩৮৪ থাং ডিঃ ঐ দেং বুদ্ধেশ্বর মণ্ডল দাবি ১... ঐ মৌজে হুকমাপুর ১২ শতকের কাত ১।৵০ ... থং ২২৮

৩৮৫ থাং ডিঃ ঐ দেং দুর্গাদাস সরকার দা... থানা ঐ মৌজে চণ্ডিগ্রাম রঘুনাথপুর ৩-১৩ শত... ২২৴৭ আঃ ২৫৲ থং ১০৫৭ অধিনস্থ থং ৫০৫

৩৬৯ থাং ডিঃ ঐ দেং ত্রিগুণধারিণী দাসী দা... থানা ঐ মৌজে সমসাবাদ ১-১৯ শতকের কা... আঃ ১০৲ থং ৩৮১

৩৭০ থাং ডিঃ ঐ দেং মোঃ নুরমহম্মদ সেখ... ২৬৴০ থানা ঐ মৌজে হড়হড়ি ২০০ শতকের ... আঃ ১৫৲ থং ৫২২

৩৭১ থাং ডিঃ ঐ দেং ওসকুর রহমান সেখ... ৫৪।৴৩ মৌজাদি ঐ ১-৬৯ শতকের কাত ৭৸৶০ ... থং ৩৬৯

৩৭২ থাং ডিঃ ঐ দেং করিমবক্স সেখ দিং দা... মৌজাদি ঐ ২-১৪ শতকের কাত ১১৸৴১১ আ... ৪৮১

৩৭৩ থাং ডিঃ ঐ দেং রোফেজান বিবি ... থানা ঐ মৌজে চন্দনবাটী ৮১ শতকের কাত ... ১০৲ থং ২৮৩

৩৮৬ থাং ডিঃ জ্যোতিশচন্দ্র ঘোষ দিং দে... দেব্যা দাবি ৬৸৵৬ থানা ঐ মৌজে ডুমাইপুর ... কাত ।৵০ আঃ ৫৲ থং ২৬২

৩৫৫ থাং ডিঃ বিষ্ণুচন্দ্র আলিপাত্র দিং দেং মৃত জলদবরণী দেবীর ওয়ারিশ বিশ্বেশ্বর বিত্তারত্ন ও সাতকড়ি মুখোপাধ্যায় দাবি ২৫৻৯ থানা সাগরদীঘি মৌজে থারিওর ১-৮৩ শতকের কাত ৬৸/৩ আঃ ২০৲ থং ১২০৪ মোকররী স্বত্ব

৩৯৬ থাং ডিঃ জয়চাঁদ সেরাওগী দেং আব্বাস আলি বিশ্বাস দিং দাবি ১৯।০ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ১-৭০ শতকের কাত ৪৲ আঃ ১৫৲ থং ৫০৮ অধিনস্থ থং ৫০৯ রায়ত স্থিতিবান

৩৯৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৭৷৵৩ মৌজাদি ঐ ১-৬৩ শতকের কাত ১০৵৬ আঃ ৪০৲ থং ৪৯০ ঐ স্বত্ব

৩৯৮ থাং ডিঃ ঐ দেং বৈত্যনাথ মণ্ডল দিং দাবি ১৮৻৬ মৌজাদি ঐ আঃ ১৫৲ থং ৫২৫ ঐ স্বত্ব

৩৯৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৷০ মৌজাদি ঐ আঃ ৪৲ থং ৫২৬ ঐ স্বত্ব

৪০০ থাং ডিঃ ঐ দেং আন্নারকালী দেবী দিং দাবি ১৪৸৵০ মৌজাদি ঐ ৬৬ শতকের কাত ২৷৵৯ আঃ ১৫৲ থং ৫৫৭ ঐ স্বত্ব

৪০১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৷/৩ মৌজাদি ঐ আঃ ১৫৲ থং ৫৫৬ ঐ স্বত্ব

৪১১ থাং ডিঃ ঐ দেং হেমবরণী দেবী দাবি ৪৩৵৬ মৌজাদি ঐ ৩-২৩ শতকের কাত ১১৵০ আঃ ৪০৲ ঐ স্বত্ব

৩৫৬ থাং ডিঃ মফিজন্নেসা বিবি দিং দেং আবদুল হাকিম সেথ দাবি ১৬৸৵৯ থানা স্থতী মৌজে হারুয়া ৬ শতকের কাত ১।০ আঃ ১০৲ থং ৩৭৭ কোর্ফা স্বত্ব

৩৫৪ থাং ডিঃ হাতিমন বেঙ্গানী দেং ক্ষুদিরাম পাল দিং দাবি ১৫৷৵৩ থানা স্থতী মৌজে ইচলিপাড়া ৬০ শতকের কাত ১৸৵২ আঃ ৫৲ থং ১১৯৭

২৮১ থাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দিং দেং ধীরেন্দ্রনাথ রায় দিং দাবি ১৩৷৵০ থানা সমসেরগঞ্জ মৌজে দিঘরী ২৯ শতকের কাত ২৷৵০ আঃ ৫৲ থং ১৫৭০

২৮২ থাং ডিঃ ঐ দেং জীবনচন্দ্র মিত্র দাবি ২৫।৵৬ মৌজাদি ঐ ১-১৭ শতকের কাত ৩/৬ আঃ ৫৲ থং ১৬১২

২৮৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৷/৩ মৌজাদি ঐ ১-১৮ শতকের কাত ২৸/৮ আঃ ৫৲ থং ১৪৬৯

২৮৪ থাং ডিঃ সৌদামিনী রায় দেং হেমচন্দ্র মিত্র দিং দাবি ১১৬।৵০ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ৮ পত্তনী স্বত্ব জমা ৯০।৵২ আঃ ১০০৲ থং ২২৬৮

৩৮৭ থাং ডিঃ শ্যামাচরণ গঙ্গোপাধ্যায় দিং দেং শচীন্দ্রনাথ অধিকারী দিং দাবি ৭৮।/৯ থানা স্থতা মৌজে ভাবকী ৬-২৮ শতকের কাত ১৮৸৵৫ আঃ ২৫৲ থং ২৫২

৩৮৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৸৯ মৌজাদি ঐ ৭৮ শতকের কাত ১৷৬ আঃ ১৫৲ থং ২৪৯

৩৮৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৫/৩ মৌজাদি ঐ ৩-৭৫ শতকের কাত ৭/৭ আঃ ২৫৲ থং ২৪৮

১৯ মর্গেজ ডিঃ সরলাস্থন্দরী দেবী দেং গোপেশ্বর রায় ওয়ারিশ পুত্র বিশ্বনাথ রায় দাবি ৭২৪৻৬ থানা সাগরদীঘি মৌজে থারিওর মধ্যে বলরামবাটী ৪/১ জমির কাত ২৻১০ আঃ ২৫৲ থং ১২৬ ২নং লাট মৌজাদি ঐ ৮/০ জমির কাত ৭।/১ আঃ ২০৲ তন্মধ্যে ১নং বিবাদীর নিজাংশে ৫/০ জমির কাত হারাহারি মতে ৪৷/৩ থং ৫৫৩ ৩নং লাট মৌজাদি ঐ ১২/০ জমির কাত ১৮।/১ তন্মধ্যে ২৷০ বিঘার কাত হারাহারি মতে ৩৸/১ আঃ ৩০৲ থং ২৯৮, ১৭৬ ৪নং লাট মোজাদি ঐ ৩৸০ জমির কাত ৪৷০ তন্মধ্যে ১৸০ জমির কাত ২৵০ আঃ ১০৲ থং ৩১০ ৫নং লাট মৌজাদি ঐ রোড সেস নং ৫১২ সেঃ থং ৩৫২, ৩১১ আঃ ৪০৲ ৬নং লাট থানা ঐ মৌজে থড়িওর আঃ ৫৲ থং ৬৫২

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নীলামের দিন ২১শে জুন ১৯৪৩

১৯৪৩ সালের ডিক্রীজারী

২০৪ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং বিবিজান বিবি দাবি ১৬৷৵০ থানা সাগরদীঘি মৌজে বুধি ৭৭ শতকের কাত ৩৵৫ আঃ ৫৲ থং ৪৯ ———

**আমাদের নিবেদন**—গত ২৬শে জ্যৈষ্ঠ তারিখের "জঙ্গিপুর সংবাদ" বাহির হয় নাই।

---

## বাঙ্গালী ছাত্রের কৃতিত্ব

### পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের ম্যাটিক পরীক্ষায় প্রথম স্থান অধিকার

লাহোরের ডি, এ, ভি, হাই-স্কুলের ছাত্র শঙ্করপ্রসাদ মুখার্জী (১৫) ১৯৪৩ সনের পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের ম্যাট্রিকুলেশন পরীক্ষায় মোট ৮৫০ নম্বরের মধ্যে ৭৮৪ নম্বর পাইয়া প্রথম স্থান অধিকার করিয়াছে। ১৯ নম্বর অধিক পাইয়া সে বিশ্ববিদ্যালয়ের পূর্ব্ব রেকর্ড ভঙ্গ করিয়াছে। ১৯৪১ সনে পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের ভার্ণাকুলার ফাইন্যাল পরীক্ষায়ও এ ছাত্রটি প্রদেশে প্রথম স্থান অধিকার করিয়াছিল। সে লাহোর বেঙ্গলী স্কুলের প্রাক্তন ছাত্র। তাহার পিতার নাম মিঃ মণীন্দ্রনাথ মুখার্জী।

---

## টিউনিসিয়ায় ভারতীয় বাহিনীর কৃতিত্ব

### জেনারেল এণ্ডারসনের অভিনন্দন

প্রথম বাহিনীর কমাণ্ডার জেনারেল এণ্ডারসন ৪র্থ ভারতীয় ডিভিশনের অধিনায়কের নিকট নিম্নোক্তরূপ বাণী প্রেরণ করিয়াছেনঃ টিউনিসিয়ার ঐতিহাসিক বিজয়ে আপনি এবং আপনার সৈন্যদল যে বিশিষ্ট অংশ গ্রহণ করিয়াছেন, তজ্জন্য আমার ধন্যবাদ ও অভিনন্দন গ্রহণ করুন। আফ্রিকায় আপনার সুদীর্ঘ অভিযানের কি গৌরবময় চরম পরিণতি। আপনাকে না পাইয়া প্রথম আমি অত্যন্ত দুঃখিত হইলেও আমরা ভবিষ্যতে আপনার সর্ব্বপ্রকার সৌভাগ্য কামনা করিতেছি। আমি এক সময়ে আপনার ডিভিসনের জি-এস-ও-আই ছিলাম বলিয়া আমি ইহার প্রতি বিশেষভাবে আগ্রহান্বিত এবং আপনার গৌরবময় কার্য্যের জন্য গর্ব্বানুভব করিতেছি। ৪র্থ ডিভিশনের কম্যাণ্ডার উত্তর দিয়াছেনঃ "আমার ডিভিশনের সকলেই আন্তরিকভাবে আপনার বাণী গ্রহণ করিয়াছে। আমরা যে প্রথম আর্মির অসাধারণ সফলতায় সাহায্য করিতে পারিয়াছি, তাহা মনে করিয়া কেবলই আনন্দানুভব করিতেছি। ভবিষ্যতে আপনাদের সকল প্রকার সৌভাগ্য কামনা করিতেছি।"

---

## হাবিলদার প্রকাশ সিংহ

### বীরত্বের জন্য ভিক্টোরিয়া ক্রশ লাভ

অষ্টম পাঞ্জাব রেজিমেন্টের হাবিলদার প্রকাশ সিং গত জানুয়ারী মাসে মায়ু উপদ্বীপের ডনবেক নামক স্থানে যে অসাধারণ সাহসের পরিচয় দিয়াছিলেন, সেজন্য সম্প্রতি তাঁহাকে ভিক্টোরিয়া ক্রশ পুরস্কার দেওয়া হইয়াছে।

পূর্ব্ব বাহিনীর প্রধান সেনাধ্যক্ষ লেফটে-

[ পর পৃষ্ঠায় দেখুন

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

ন্যাণ্ট-জেনারেল এন, এম, এস, আরউইন হাবিলদার প্রকাশ সিংহের নিকট যে বাণী প্রেরণ করিয়াছেন, তাহা নিম্নে প্রদত্ত হইল :—

"হাবিলদার প্রকাশ সিংহ যেরূপ বিশ্বাস ও সাহসের সহিত তাঁহার সেনাদল, স্বদেশ ও সম্রাটের সেবা করিয়াছেন, তাহা ভাবী দুঃসময় কালে ভারতীয় সেনাদলকে সঞ্জীবিত করিয়া রাখিবে।

"আরাকানে যখন যুদ্ধদেবী সাময়িকভাবে আমাদিগের উপর বিরূপ হইলেন, সেই সময়ে এই পুরস্কারের ঘোষণা সৌভাগ্যের পরিচায়ক। ইহাতে তথায় যুদ্ধমান সকলকেই উৎসাহিত করিবে।

"হাবিলদার প্রকাশ সিংহকে বলা উচিত যে, তাঁহার এই অসমসাহসিক কার্য্য ও তাহার পুরস্কারের জন্য তাঁহার রেজিমেণ্টের সহিত সমগ্র পূর্ব্ব-বাহিনী গর্ব্ব অনুভব করিতেছে এবং ভবিষ্যতে তাঁহার উত্তরোত্তর সফলতা কামনা করিতেছে।"

সরকারী বিবৃতিতে প্রকাশ যে, হাবিলদার প্রকাশ সিংহ পর পর তিনটী বিভিন্ন সময়ে অসাধারণ সাহসিকতার পরিচয় দিয়াছেন।

---

## বাঙ্গালা দেশে কৃষির উন্নতি

### মাননীয় কৃষি-মন্ত্রীর বেতার-বক্তৃতা

গত ১৪ই মে ঢাকার বেতার-কেন্দ্র হইতে বক্তৃতা প্রসঙ্গে কৃষি-মন্ত্রী মাননীয় খান বাহাদুর এস, এম, হোসেন বলেন যে, বাঙলা দেশে ৩৭ লক্ষ একর কৃষি-উপযোগী জমি পতিত আছে এবং আবাদী জমির মাত্র শতকরা ২০ ভাগে একাধিক শস্য উৎপন্ন হয়। অতএব আমাদের কৃষি অভিযানের উদ্দেশ্য হইবে—পতিত জমির উদ্ধার, একাধিক ফসল উৎপাদনের উপযুক্ত জমির পরিমাণ বৃদ্ধি এবং জমির উৎপন্ন ফসলের পরিমাণ বৃদ্ধি করা। আগামী শীতকালে এই পরিকল্পনাসমূহ কার্য্যে পরিণত করা হইবে।

---


## দি ওয়ার্ম ইণ্ডিকা

( আমেরিকায় পরীক্ষিত )

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত আমাশয় ও কানের পূঁজ আরোগ্য হয়।

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়"
রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ )




মহা সমর ! মহা সমর !!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত।

## মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন। একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী :—মুলজী সিক্কা এণ্ড কোং

হেড অফিস :—
৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

মোহিনী বিড়ির শাখাসমূহ :—১৬০নং নবাবপুর রোড, ঢাকা ; সরায়গঞ্জ, মজঃফরপুর, বি-এন-ডবলিউ-আর। ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস, গোণ্ডিয়া, (সি, পি) বি-এন-আর। আমাদের নিকট বিড়ি প্রস্তুতের তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়। দরের জন্য পত্র লিখুন।